গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইসিটি অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নম্বর: ৩৭.০০.০০০০.০২৩.৭২.০০১.১৯.৫৪ তারিখ: ৯ শ্রাবণ ১৪২৬
২৪ জুলাই ২০১৯

## অফিস আদেশ

বর্তমান সরকারের ভিষণ-২০২১ "ডিজিটাল বাংলাদেশ" বিনির্মানের লক্ষ্যে শিক্ষার গুণগতমান উন্নয়ন এবং আই.সি.টি. অবকাঠামো ও সেবা সম্প্রসারণের মাধ্যমে শিক্ষক, শিক্ষার্থী ও আগ্রহী যুবকদের আই.সি.টি. দক্ষতা বৃদ্ধি ও কর্মসংস্থানের লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এর মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে আই.সি.টি./কম্পিউটার ল্যাব ও মাল্টিমিডিয়া ক্লাসরুম স্থাপন করা হচ্ছে। ল্যাবে স্থাপিত কম্পিউটার, ল্যাপটপ, মনিটর, প্রজেক্টরসহ অন্যান্য যন্ত্রপাতির সুষ্ঠু ব্যবস্থাপনা, সংরক্ষণ ও যথাযথ ব্যবহার একান্ত প্রয়োজন।

২। বর্ণিত অবস্থায়, শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত আই.সি.টি./কম্পিউটার ল্যাব ও মাল্টিমিডিয়া ক্লাসরুমের কার্যক্রম মনিটরিং এবং ল্যাবে স্থাপিত কম্পিউটার, ল্যাপটপ, মনিটর, প্রজেক্টরসহ অন্যান্য যন্ত্রপাতির সুষ্ঠু ব্যবস্থাপনা, সংরক্ষণ ও যথাযথ ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে ব্যানবেইস এর আওতাধীন উপজেলা আই.সি.টি. ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (U.I.T.R.C.E.) এর সহকারী প্রোগ্রামারগণ যাবতীয় কারিগরি সহায়তা প্রদান করবেন। যন্ত্রপাতি মেরামতের প্রয়োজনীয় যন্ত্রাংশ ক্রয়ের ব্যয় স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান বহন করবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

২৪-৭-২০১৯
মোঃ মোফাখখারুল ইসলাম
সিনিয়র সিস্টেম এনালিস্ট
ফোন: ৯৫৭৭০৯৬
ইমেইল: ssa@moedu.gov.bd

নম্বর: ৩৭.০০.০০০০.০২৩.৭২.০০১.১৯.৫৪/১(১২) তারিখ: ৯ শ্রাবণ ১৪২৬
২৪ জুলাই ২০১৯

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতারক্রমাণুসারে নয়):

১) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
২) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর
৩) মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
৪) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
৫) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ঢাকা/কুমিল্লা/ময়মনসিংহ/চট্টগ্রাম/বরিশাল/খুলনা/সিলেট/রাজশাহী/রংপুর অঞ্চল
৬) সিনিয়র সচিব এর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৭) সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

৮) সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

৯) উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ঢাকা/কুমিল্লা/ময়মনসিংহ/চট্টগ্রাম/বরিশাল/খুলনা/সিলেট/রাজশাহী/রংপুর অঞ্চল

১০) জেলা শিক্ষা অফিসার (সকল)

১১) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)

১২) সহকারী প্রোগ্রামার (সকল), উপজেলা আই.সি.টি. ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (U.I.T.R.C.E.)

২৪-৭-২০১৯
মোঃ মোফাখখারুল ইসলাম
সিনিয়র সিস্টেম এনালিস্ট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রশাসন ও সংস্থাপন শাখা
বাংলাদেশ সচিবালয়
www.shed.gov.bd

**বিষয়ঃ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক স্থাপিত এবং ভবিষ্যতে স্থাপনযোগ্য শিক্ষা প্রতিষ্ঠানে আইসিটি/ কম্পিউটার ল্যাব স্থাপনে দ্বৈততা পরিহার ও সমন্বয় সংক্রান্ত কমিটির ২য় সভার কার্যবিবরনী।**

সভাপতি : ড. অরুণা বিশ্বাস, অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) এবং সভাপতি, কম্পিউটার ল্যাব স্থাপনে দ্বৈততা পরিহার ও সমন্বয় কমিটি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

স্থান : ব্যানবেইস সভাকক্ষ

সময় : ২:৩০ মিনিট, ১৬/০৫/২০১৯

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে সমন্বয় কমিটির সদস্য-সচিব ও মহাপরিচালক,ব্যানবেইস তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক স্থাপিত এবং ভবিষ্যতে স্থাপনযোগ্য শিক্ষা প্রতিষ্ঠানে আইসিটি/ কম্পিউটার ল্যাব স্থাপনে দ্বৈততা পরিহার ও সমন্বয় বিষয়ে আলোচ্যসূচি সভায় উপস্থাপন করেন। তিনি সভাকে অবহিত করেন যে,তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ৪৬৯৯ স্মারক তারিখ ১৫ নভেম্বর ২০১৭ মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠানে আই.সি.টি/কম্পিউটার ল্যাব স্থাপনে দ্বৈততা পরিহার ও সমন্বয়ের স্বার্থে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক স্থাপিত এবং ভবিষ্যতে স্থাপনযোগ্য আই.সি.টি. ল্যাব এর তালিকা প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক আই.সি.টি অবকাঠামো ও সেবা সম্প্রসারণের মাধ্যমে শিক্ষক, শিক্ষার্থী ও আগ্রহী যুবকদের আইটি দক্ষতা বৃদ্ধি এবং কর্মসংস্থানের সুবিধার্থে "সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা শিক্ষা ল্যাব স্থাপন প্রকল্প" এর কার্যক্রম চলমান রয়েছে উক্ত বর্ণিত পত্রে উল্লেখ করা হয়েছে। ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ এবং আই.সি.টি. শিক্ষা প্রসারের মাধ্যমে দক্ষ জনশক্তি গড়ার প্রত্যয়ে শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ল্যাব স্থাপন করা হচ্ছে মর্মে পত্রে উল্লেখ করা হয়েছে। প্রাপ্য তথ্য অনুযায়ী তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক স্থাপিত ও স্থাপনাধীন ল্যাব এর বিবরণ নিম্নরূপ:
সারাদেশে শিক্ষাপ্রতিষ্ঠান কম্পিউটার ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্প ও সহকারী উপ-প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, প্রতি শিক্ষা প্রতিষ্ঠানে একটি করে ৪০০১টি "শেখ রাসেল ডিজিটাল ল্যাব" স্থাপন করা হয়েছে।

০২। শিক্ষা ক্ষেত্রে আই.সি.টি. শিক্ষার প্রসার ও আই.সি.টি. সেবা নিশ্চিত করণের লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ের আওতায় ল্যাব স্থাপন করা হয়েছে। মাউশির বিভিন্ন প্রকল্পসমূহ:(১) মডেল স্কুল আই.সি.টি ল্যাব- ৩১৫টি,(২) পোস্ট গ্রাজুয়েট কলেজ আই.সি.টি ল্যাব- ৭০টি,(৩) ৬/১১ প্রকল্পে আই.সি.টি ল্যাব- ১৭টি,(৪) টিকিউআই প্রকল্পে আই.সি.টি ল্যাব- ২৭০টি,(৫) সেসিপ প্রকল্পে আই.সি.টি ল্যাব- ৬৪০টি,(৬) সরকারি স্কুলে আই.সি.টি ল্যাব- ৭টি,(৭) ১৫০০ বেসরকারী কলেজে ১৫০০টি আই.সি.টি ল্যাব স্থাপনের প্রক্রিয়া শুরু হয়েছে।

০৩। সভায় সদস্য-সচিব উল্লেখ করেন যে, ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের জন্য জাতীয় শিক্ষানীতি ২০১০ এ ষষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত ICT শিক্ষা বাধ্যতামূলক করা হয়েছে। এ নীতি বাস্তবায়ন রূপকল্প: ২০২১ SDG অভিষ্ঠ ও রূপকল্প: ২০৪১ বাস্তবায়নে শিক্ষা মন্ত্রণালয়াধীন বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) মাঠ পর্যায়ে স্বল্প সময়ে শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের আই.সি.টি প্রশিক্ষণ কার্যক্রম এবং তৃণমূলে স্থানীয় নাগরিকদের তথ্যসেবা প্রদানের লক্ষ্যে দক্ষিন কোরিয়ার EDCF এর সহজ শর্ত ঋণ সহায়তায় ১ম পর্যায়ে ১২৫ টি উপজেলায় আই.সি.টি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার (ইউআইটিআরসিই) স্থাপন করেছে এবং এ সমস্ত সেন্টারে ১ জন সহকারী প্রোগ্রামার, ১জন কম্পিউটার অপারেটর, ১ জন ল্যাব এ্যাসিসটেন্ট, ১ জন নিরাপত্তা প্রহরী, ১জন পরিছন্ন কর্মী নিয়োজিত আছে। মাননীয় প্রধানমন্ত্রী ২ মার্চ ২০১৬ তারিখ এসব UITRCE শুভ উদ্বোধন করেন। ২০১৬-২০১৯ অর্থ বছরে প্রায় দেড়লক্ষ শিক্ষকদের আই.সি.টি. বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। একই প্রক্রিয়ায় ২য় পর্যায়ে আরও ১৬০টি উপজেলায় UITRCE স্থাপন প্রকল্পের কার্যক্রম চলমান আছে। তিনি আরো বলেন যে, আই.সি.টি./ কম্পিউটার ল্যাব স্থাপনে দ্বৈততা পরিহার ও সমন্বয়ের মাধ্যমে সুষ্ঠু ব্যবস্থাপনা ও সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা প্রয়োজন। ল্যাব স্থাপনের পাশাপাশি ল্যাব পরিচালনা, ব্যবহার ও রক্ষণাবেক্ষণের জন্য সংশ্লিষ্টদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা দরকার। এ বিষয়ে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানসহ ল্যাব এর কারিগরি দিক দেখা এবং রক্ষণাবেক্ষণ বিষয়ে সহকারী প্রোগ্রামারদের নেতৃত্বে UITRCE কার্যকর ভূমিকা রাখতে পারে।

০৪। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ প্রতিনিধি সভায় জানান যে, ৪০০১টি প্রতিষ্ঠানে আই.সি.টি ল্যাব স্থাপন করা হয়েছে। উক্ত প্রতিষ্ঠান থেকে নির্ধারিত ছকের মাধ্যমে তথ্য উপাত্ত সংগ্রহ পূর্বক সিদ্ধান্ত গ্রহণ করা হলে দ্বৈততা পরিহার ও সমন্বয় করা সম্ভব হবে। তিনি আরো বলেন যে , ল্যাব স্থাপনের পাশাপাশি প্রশিক্ষণের গুরুত্ব রয়েছে ,মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের (পরিচালক) পরিকল্পনা সভায় জানান যে ,বর্তমানে ৬ষ্ঠ-১২তম শ্রেণী পর্যন্ত বাধ্যতামূলক আই.সি.টি নিশ্চিত করবে ,উল্লিখিত প্রকল্প ছাড়াও ৩২৩টি

সরকারি কলেজে ল্যাব স্থাপন ও ২০০টি সরকারি কলেজে আই.সি.টি ল্যাব স্থাপন কার্যক্রম গ্রহন করা হয়েছে। উক্ত সভায় প্রকল্প পরিচালকগণকে সমন্বয় কমিটিতে অর্ন্তভুক্ত করার জন্য অনুরোধ করেন।তিনি সভাকে জানান যে, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ভাষা ল্যাব ও আইসিটি ল্যাব স্থাপন করা হয়েছে প্রতিষ্ঠান বরাবর চিঠি প্রেরণ করা জরুরী। পোষ্ট গ্যাজুয়েট কলেজে আইসিটি ল্যাব স্থাপন প্রকল্পের প্রকল্প পরিচালক সভাকে জানান যে ,নির্ধারিত তথ্য ছক পাওয়া গেলে তথ্য উপাত্ত প্রেরণ করা হবে।

০৫। ল্যাব স্থাপন, ব্যবহার ও রক্ষণাবেক্ষনসহ প্রশিক্ষক প্রদানে সমন্বয় সাধনের বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণের বিষয়ে সকলেই একমত পোষন করেন।

সভায় সকলের মতামতের ভিত্তিতে নিম্মবর্ণিত সিদ্ধান্ত গ্রহন করা হয়ঃ

(৫.১) ডাটাবেইস করে যে সকল প্রতিষ্ঠানে ল্যাব স্থাপনে দ্বৈততা হয়েছে সে সকল প্রতিষ্ঠানের তালিকা প্রস্তত করা হবে।

(৫.২) আইসিটি ল্যাব রক্ষণাবেক্ষণ নীতিমালা করতে হবে।

(৫.৩) যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে এখন ল্যাব স্থাপন করা হয়নি সে গুলোর তালিকা প্রস্তত করতে হবে।

(৫.৪) মাউশির বিভিন্ন প্রকল্প ১৫০০ প্রতিষ্ঠানে ল্যাব স্থাপন করেছে সে সকল প্রতিষ্ঠানের তালিকা প্রস্তত করতে হবে।

(৫.৫) যে সকল প্রতিষ্ঠানে ল্যাব নির্মাণ চলমান রয়েছে সে সকল প্রতিষ্ঠানের তালিকা প্রস্তুতকরণ সকল ল্যাব গুলোর কম্পিউটারের সংখ্যা সার্ভার ডাটাবেইজে করতে হবে।

(৫.৬) 'শেখ রাসেল ডিজিটাল ল্যাবে'র রক্ষণাবেক্ষণ ক্লাস টাইমের পর প্রশিক্ষণের কাজে ব্যবহার করা যেতে পারে সে ক্ষেত্রে অর্জিত ভাড়া থেকে Maintenace করা যেতে পারে।

(৫.৭) ব্যানবেইস UITRCE এর মাধ্যমে Teacher দের Software Hardware Web-base Training প্রদান করে রক্ষণাবেক্ষণ এর ব্যবস্থা করা যেতে পারে।

(৫.৮) UITRCE এর Assistant Programmer (AP) গণ শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন প্রতিষ্ঠানের ল্যাবগুলোর যাবতীয় কারিগরি Support দিবে এবং প্রয়োজনীয় Spare Parts/Tools এর ব্যয় শিক্ষা প্রতিষ্ঠান নিজে বহন করবে।

(৫.৯) যে সকল প্রতিষ্ঠানে অদ্যাবধি ল্যাব নির্মাণ করা হয়নি এবং Pipeline বিদ্যামান অবশিষ্ট গুলোর তালিকা আইসিটি বিভাগ প্রেরণ করতে হবে।

(৫.১০) EIIN ধারী ও স্বীকৃতি প্রাপ্ত প্রতিষ্ঠানে এ তালিকা অর্ন্তভুক্ত হবে।

(৫.১১) UITRCE এর Assistant Programmer (AP) কর্তৃক শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন প্রতিষ্ঠানে ল্যাব সমূহের মনিটরিং কারিগরি Support প্রদানের বিষয়ে শিক্ষা মন্ত্রণালয় সকল জেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার উপ-পরিচালক ও পরিচালকসহ সকল কে চিঠি দিতে হবে।

৬। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত ঘোষণা করেন।

২৯/০৬/২০১৯

ড. অরুণা বিশ্বাস
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)
ও সভাপতি সমন্বয় কমিটি
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

(১) জনাব পার্থ প্রতিম দেব, নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল।

(২) জনাব মোঃ মাহমুদুল ইসলাম, অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

(৩) জনাব অজিত কুমার ঘোষ, যুগ্মসচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

(৪) জনাব মোঃ মাইনুল হক ভূঁইয়া, উপসচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।

(৫) প্রকল্প পরিচালক, শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প, ঢাকা।

(৬) ড. মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন, পরিচালক (পরিকল্পনা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

(৭) জনাব মোঃ ফারুক আহমেদ, আইসিটি প্রশিক্ষণ বিশেষজ্ঞ, এটুআই প্রেগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়।

(৮) মোঃ মোফাখখারুল ইসলাম, সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

(৯) জনাব মুহাঃ মুনাবেবরুর রশীদ, উপ-প্রকল্প পরিচালক, পোস্ট গ্রাজুয়েট কলেজ আইসিটি ল্যাব প্রকল্প, ঢাকা।

(১০) জনাব মোঃ তারেক এম বরকতউল্লাহ, প্রকল্প পরিচালক, ১৫০০০টি এস্টাবলিশমেন্ট ডিজিটাল কানেক্টিভিটি (ইডিসি) স্থাপন প্রকল্প, ঢাকা।

নং-৩৭.২০.০০০০.০০১.১৮.১৫০.১৮/৩৬৮০/১(১০)

তারিখ ঃ ২৬ জ্যৈষ্ঠ, ১৪২৬ / ০৯ জুন , ২০১৯

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

(১) সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ঢাকা ।

(২) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা ।

(৩) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।

(৪) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর।

(৫) মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

(৬) ন্যাশনাল প্রকল্প পরিচালক, প্রকল্প পরিচালকের দপ্তর, এটুআই প্রোগ্রাম, D M।

(৭) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(৮) মাননীয় উপ-মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(৯) নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল ।

(১০) সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৯/৬/২০১৯

(মোঃ ফসিউল্লাহ্)

মহাপরিচালক

ও

সদস্য সচিব সমন্বয় কমিটি

ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়।

F:\Desktop Document\ICT LAB\কার্যপত্র_16052019.doc